রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৭, ২০১৮

## ৮ম খণ্ড

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**১, কাওরান বাজার, টি.সি.বি ভবন (৭ম তলা), ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ ঃ ৬ মে ২০১৮ খ্রিঃ

**স্মারক নং আরজেএসসি/২১৯৬**—চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ এর বিধান মতে নিবন্ধিত আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ (রেজিঃ নং-সি এইচ এস ১২১) এর রেজিস্ট্রেশন বিগত ২৯-১২-২০০৩ তারিখে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের তৎকালীন সহকারী রেজিস্ট্রার জনাব এম. এ. মান্নান কোম্পানী আইন ১৯৯৪ এর ২৮(৪) ধারার বিধানের বরাত দিয়ে বাতিল করেন যা বে-আইনী বলে প্রতীয়মান হয়। কেননা এরূপ বিধান শুধুমাত্র কোম্পানী আইনের ২৮ ধারার আওতায় সরকার কর্তৃক লাইসেন্স প্রাপ্তির পর 'লিমিটেড' শব্দটি সংযুক্তকরণ ব্যতিরেকে নিবন্ধিত কোন কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য। সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ এ কোন নিবন্ধিত সোসাইটির রেজিস্ট্রেশন বাতিল করার বিধান নেই।

উপরোক্ত অবস্থাধীনে সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ মোতাবেক নিবন্ধিত "আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ" এর রেজিস্ট্রেশন বাতিল করে প্রদত্ত চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের তৎকালীন সহকারী রেজিস্ট্রার জনাব এম. এ. মান্নানের ২৯-১২-২০০৩ তারিখের আদেশ যার স্মারক নং রেজসকো/২০০৩/চট্ট/৬৮ এতদ্বারা বাতিল ও রিকল করা হলো। উক্ত সোসাইটির রেজিস্ট্রেশন নম্বর ও ইহার মূল নথিটি পুনরুজ্জীবিত হলো।

**মোঃ সিরাজ উদ্দিন**
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে
(২৪—১)।